

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৭৮.০০১.২২.৭৫৬

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

বিষয়: চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসার এমপিও কপিতে উপজেলার নাম সংশোধনের আবেদন যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসার স্মারক নং- এন,আই,০২(৪৯২); তারিখ:০৩/০২/২০২১ খ্রি:

(২) UNO এর অগ্রায়নের স্মারক নং-০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২২-৩৯; তারিখ: ১৯/০১/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসার এমপিও কপিতে মাদ্রাসার উপজেলার নাম সংশোধনের জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর একটি আবেদন দাখিল করা হয়। আবেদন পত্র অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের চাহিত উপজেলার নাম নিম্নরূপ:

ক্রমিক নং	মাদ্রাসার নাম, ঠিকানা ও এমপিও কোড নম্বর	এমপিও কপিতে উপজেলার নাম	অধ্যক্ষ কর্তৃক চাহিত উপজেলার নাম
০১	নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসা উপজেলা: মতলব উত্তর জেলা: চাঁদপুর। এমপিও কোড: 0706232201	মতলব (Matlab)	মতলব উত্তর (Matlab Uttar)

২। অধ্যক্ষের আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কমিটি ও অধিভুক্তির নবায়নের কপিতে বর্ণিত মাদ্রাসার উপজেলার নাম মতলব উত্তর (MATLAB UTTAR) মুদ্রিত রয়েছে (সংযুক্ত)।

৩। এমপিও কপি ও মেমিস সফটওয়্যারে বর্ণিত মাদ্রাসার উপজেলা মতলব উল্লেখ থাকায় মাদ্রাসাটির অনলাইনে সকল এমপিওর কাজ ব্যাহত হচ্ছে মর্মে অধ্যক্ষ লিখিতভাবে জানিয়েছেন।

৪। এমতাবস্থায়, চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসার এমপিও কপিতে মাদ্রাসাটির উপজেলার নাম সংশোধন বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের আবেদন, জেলা শিক্ষা অফিসারের অগ্রায়ন, সকল এমপিও কপি, গভর্নিং বডির রেজুলেশন, স্বীকৃতি, অধিভুক্তি, ইউনিয়ন পরিষদ ও উপজেলা নির্বাহী অফিস কর্তৃক প্রত্যয়নসহ সকল প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজ-পত্র ও ডকুমেন্টস যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ ফর্দ।

৬-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)

ফোন: ০২-৪১০৩০৮৯৬

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: badshaprog3@gmail.com

বিতরণ :

১) জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ),

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২) ড.মোঃ আবুল কালাম আজাদ, পরিদর্শক (সিলেট বিভাগ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩) জনাব মোঃশরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা


শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৭৮.০০১.২২.৭৫৬/১(২)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮
০৬ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি/অধ্যক্ষ, নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



৬-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)